অধিকার, কর্তব্য ও শিশু সুরক্ষা

সংক্রান্ত ছোটদের হাতবই

District Legal Services Authority, Purulia

সর্বশিক্ষা মিশন

সবার শিক্ষা, সবার উন্নতি

unicef

unite for children

অধিকার কি ?

অধিকার হল নৈতিক বা আইনি প্রক্রিয়ার দ্বারা বিধিবদ্ধ কাজকর্ম।



কর্তব্য কি ?

কোন কাজ বা কর্ম যা প্রত্যেক মানুষের দায়িত্ব এবং শৃঙ্খলার সঙ্গে করার কথা।

আইন কি ?

- দেশ পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন অপরাধমূলক কাজ ও বিধি ভঙ্গ নিয়ন্ত্রণে নির্দিষ্ট বিধিনিয়ম চালু করা হয় যাতে সমাজ সঠিক পথে পরিচালিত হয়।
- এই সকল বিধি-নিয়মই আইন। আইন ভাঙ্গলে আইন অনুযায়ী উপযুক্ত শাস্তি পেতে হবে।
- কোন ব্যক্তিই আইনের উর্ধ্বে নয়।

আইনের উৎসগুলি কি ?

- ভারতীয় সংবিধান
- বিধিবদ্ধ আইনসমূহ (Statute) যেমন-
  - কিশোর ন্যায় বিচার (যত্ন ও সুরক্ষা) আইন ২০১৫
    The Juvenile Justice (Care & Protection of Children) Act, 2015
  - বাল্য বিবাহ নিষিদ্ধকরণ আইন, ২০০৬
    The Prohibition of Child Marriage Act, 2006

- শিশুশ্রম (নিষিদ্ধ ও নিয়ন্ত্রণ) আইন, ১৯৮৬
  The Child Labour (Prohibition & Regulation) Act, 1986
- শিশুদের যৌন অপরাধ থেকে সুরক্ষা আইন, ২০১২
  The Protection of Children from Sexual Offence Act, 2012

- আন্তর্জাতিক কনভেনশন যেমন- ইউনাইটেড নেশনস কনভেনসন অন দি রাইটস্ অব্ দি চাইল্ড (ইউ.এন.সি.আর.সি) United Nations Convention on the Rights of the Child (UNCRC) ইত্যাদি
- Case Laws - বিভিন্ন কেস-এ জজেদের দ্বারা তৈরি নিয়ম।

ভারতীয় সংবিধান কি?

- সংবিধান হল ভারতের সর্বোচ্চ আইন। দেশকে শাসন করতে ও আইনসভায় আইন প্রণয়ন করতে ভারতীয় সংবিধানের সাহায্য নেওয়া হয়।
- সংবিধানের বিরুদ্ধে দেশে কোন আইন প্রণয়ন করা যায় না।
- সংবিধান হল রাজনৈতিক মূল্যবোধ, সরকারের ক্ষমতা ও দেশের নাগরিকদের অধিকার সম্পর্কিত একটি প্রামান্য দলিল।



মৌলিক অধিকার কি ?

- সাধারনভাবে প্রত্যেক নাগরিকের অস্তিত্ব রক্ষা ও বিকাশের জন্য কিছু অধিকার থাকা অত্যাবশ্যক। এইভাবে দেখলে অধিকারের বা চাহিদার এক লম্বা তালিকা তৈরী হয়ে যাবে। এগুলির মধ্যে বিশেষ গুরুত্বপূর্ণ কিছু অধিকার রাষ্ট্রের দ্বারা স্বীকৃত এবং ভারতীয় সংবিধানে লিপিবদ্ধ করা আছে। এই অধিকারগুলিকেই মৌলিক অধিকার বলে।

- প্রথমতঃ এই অধিকারগুলি সংবিধানে উল্লেখিত স্বীকৃত অধিকার। দ্বিতীয়তঃ এগুলি আদালতে বিচারযোগ্য অর্থাৎ কোন ক্ষেত্রে মৌলিক অধিকার ভঙ্গ করা হলে, ক্ষতিগ্রস্থ ব্যক্তি তার অধিকার রক্ষার জন্য আদালতের বিচার চাইতে পারে।
- যদি সরকার এমন কোন আইন প্রণয়ন করে, যার প্রয়োগের ফলে মৌলিক অধিকার লঙ্ঘন বা খর্ব করা হয়, তাহলে সেই আইনটি অকার্য্যকর বলে ঘোষিত হবে।

ভারতীয় সংবিধানে উল্লেখিত আমাদের মৌলিক অধিকারসমূহ হলঃ–

- সাম্যের অধিকার
- স্বাধীনতার অধিকার
- শোষণের বিরুদ্ধে অধিকার
- স্বাধীন ধর্মাচরনের অধিকার
- শিক্ষা ও সংস্কৃতির অধিকার
- প্রাথমিক শিক্ষার অধিকার
- সাংবিধানিক প্রতিকার পাওয়ার অধিকার

মৌলিক কর্তব্য কি?

- ভারতের জাতীয় ঐক্য এবং জাতীয়তাবোধ উন্নত করার লক্ষ্যে আমাদের সংবিধানে প্রত্যেক ভারতীয় নাগরিকের জন্য কিছু অবশ্য কর্তব্য উল্লেখিত আছে।
- তবে যদি, কোন নাগরিক মৌলিক কর্তব্য পালন না করেন, তা আইনের চোখে দন্ডনীয় নয়।

মৌলিক কর্তব্যগুলি কি কি?

মৌলিক কর্তব্যগুলি হলঃ

- সংবিধান মেনে চলা, সংবিধানের আদর্শ এবং সাংবিধানিক প্রতিষ্ঠান, জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতের প্রতি শ্রদ্ধা রাখা।
- ভারতের স্বাধীনতা সংগ্রামের মহৎ আদর্শগুলিকে স্মরণ এবং অনুসরণ করা।

- ভারতের সার্বভৌমত্ব, একতা এবং অখন্ডতাকে রক্ষা করা।
- প্রয়োজনে দেশকে রক্ষা করার কাজে নিজেকে সমর্পন করা।
- দেশের ঐক্যের জন্য কাজ করা এবং ধর্ম, ভাষা, আঞ্চলিক বিভিন্নতার মধ্যে ভ্রাতৃত্ববোধকে রক্ষা করা। মহিলাদের সম্মানের প্রতি হানিকারক এমন কাজকে পরিত্যাগ করা।
- সমাজের প্রাচীন মিশ্র সংস্কৃতিগুলিকে শ্রদ্ধার সঙ্গে রক্ষা করা।
- বন, জঙ্গল, নদী, হ্রদ, বন্যপ্রানী সহ সমগ্র প্রাকৃতিক পরিবেশকে রক্ষা করা এবং জীবিত প্রানীজগতের জন্য সহানুভূতি রাখা।
- বৈজ্ঞানিক চিন্তাভাবনা, মানবিকতা এবং অনুসন্ধান ও পুনর্গঠনের মূল ধারাকে উন্নিত করা।
- সরকারি সম্পত্তি রক্ষা করা এবং হিংসার বিরুদ্ধে রুখে দাঁড়ানো।
- ব্যক্তিগত এবং মিলিতভাবে সব কাজে উংকর্ষতার লক্ষ্যে চেষ্টা করা যাতে দেশের উন্নয়নের পথ ক্রমবর্ধমান হয়।

UNCRC অনুযায়ী শিশুদের অধিকার

শিশু কে?

১৮ বছর বয়সের নীচে সব মানুষই শিশু।

শিশুদের কি অধিকার আছে?

হ্যাঁ শিশুদের অধিকার আছে।

শিশুদের মূল অধিকার -

- **বাঁচবার অধিকার** - শিশুর বেঁচে থাকার জন্য প্রাথমিকভাবে প্রয়োজনীয় উপাদান যেমন পুষ্টি, আশ্রয়, উপযুক্ত পরিকাঠামো ও যথেষ্ট চিকিৎসা পরিষেবার অধিকার।

- **বিকাশের অধিকার** - শিশুদের পূর্ণমাত্রায় বিকাশের জন্য শিক্ষা, চিন্তার স্বাধীনতা, বিবেক ও প্রকাশের অধিকার।

- **সুরক্ষার অধিকার** - অপব্যবহার, অবহেলা ও শোষনের হাত থেকে সুরক্ষার অধিকার; উদ্বাস্তু শিশুদের জন্য বিশেষ যত্নের নিশ্চয়তা; অপরাধ বিচার পদ্ধতিতে সুরক্ষা; শিশুশ্রম, পাচার এবং যৌন শোষণের শিকার শিশুদের জন্য পুনর্বাসন ও সুরক্ষার অধিকার।

- **অংশগ্রহণের অধিকার** - এই অধিকার শিশুকে সমাজে ও দেশে সক্রিয় ভূমিকা পালনে সাহায্য করবে। সেই জন্য প্রয়োজন মত প্রকাশের স্বাধীনতা, নিজের জীবনের কোন ব্যাপারে মতামত দেওয়ার ক্ষমতা, যে কোন সংগঠনের যোগদান করার অধিকার ও শান্তিপূর্ণ জমায়েতে যোগদানের অধিকার।

শিশু সুরক্ষা কি ?

শিশুর প্রতি নির্যাতন, শোষণ, অপব্যবহার - যেমন যৌন নিগ্রহ, শারীরিক অপব্যবহার, কঠোর শাস্তি দেওয়া, বাল্যবিবাহ, শিশু পাচার, শিশু শ্রম, পথশিশু ও এইচ আই ভি / এড্‌স সংক্রামিত শিশুদের প্রতি নির্যাতনের বিরুদ্ধে প্রতিরোধ এবং প্রতিকার করাই শিশু সুরক্ষা।

কারা শিশু সুরক্ষায় দায়বদ্ধ ?

- পরিবার।
- রাষ্ট্র এবং তার সম্পর্কিত সকল কার্যকর্তা। যেমন - পুলিশ, ডাক্তার, শিক্ষক, পঞ্চায়েত ইত্যাদি।
- শিশুরা নিজেরা।
- সম্প্রদায় / জনগোষ্ঠী।

বিদ্যালয়ে আইনী সচেতনতা কর্মসূচীর উদ্দেশ্য কি ?

- শিশু সুরক্ষা সম্পর্কে পারস্পরিক বোঝাপড়া উন্নত করা।
- শিশু সুরক্ষা সংক্রান্ত ঘটনাগুলিকে সহজে চিহ্নিত করতে শিশুদের সাহায্য করা।
- শিশু সুরক্ষা বিষয়ক প্রকল্প ও আইনের বিশেষ বৈশিষ্ট্যগুলির সম্পর্কে সচেতন করা এবং তাদের প্রয়োগ পদ্ধতি সম্পর্কে অবগত করা।
- এলাকায়, পরিবারে এবং বিদ্যালয়ে শিশু সুরক্ষা বিষয়ে সচেতনতা জাগাতে ছাত্র-ছাত্রীদের সচেষ্ট করা।
- শিশুদের অধিকার ভঙ্গের ঘটনায় শিশুরা যাতে প্রতিবাদ করতে ও শিশুদের প্রাপ্য অধিকারের কথা তুলে ধরতে পারে, সেই ভাবে তাদের দক্ষ করে তোলা।

District Legal Services Authority, Purulia

সর্বশিক্ষা মিশন

সবার শিক্ষা, সবার উন্নতি

unicef

unite for children